

সাটুরিয়া উপজেলার আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : আশরাফুল আলম, উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।  
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সাটুরিয়া, মানিকগঞ্জ।  
তারিখ : ২৪ অক্টোবর ২০১৯ খ্রি:

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধানগণ
১.২	ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড : ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়।	চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ
১.৩	উপজেলা আইসিটি সভায় উপজেলা সহকারী প্রোগ্রামার উপস্থিতি:	উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত থেকে উপজেলা আইসিটি কমিটির সভার সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন উপজেলার আইসিটি বিষয়ক সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন এবং তা উপজেলা আইসিটি কমিটির সভায় আলোকপাত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৪	উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
১.৫	ই-ফাইলিং সংক্রান্ত তথ্য: উপজেলা পর্যায়ে সকল দপ্তরে ই-ফাইলিং এর মাধ্যমে সকল দাপ্তরিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আলোচনা করা হয়।	উপজেলা পর্যায়ে সকল দপ্তরে ই-ফাইলিং এর মাধ্যমে সকল দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৬	বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন:  এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে।	পরিদর্শন চলমান রয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আব্দুল  
২৪/১০/১৯

আশরাফুল আলম  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
উপজেলা আইসিটি কমিটি  
সাঁটুরিয়া, মানিকগঞ্জ

স্মারক নং-৫৬.০৪.৫৬৭০.০০০.০৬.০০১.১৯

তারিখ : ২৪ অক্টোবর ২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। জনাব জাহিদ মালেক স্বপন,এমপি(মানিকগঞ্জ-৩),মাননীয় মন্ত্রী,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার,ঢাকা বিভাগ,ঢাকা।
- ৪। জেলা প্রশাসক,মানিকগঞ্জ।
- ৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ ,সাঁটুরিয়া,মানিকগঞ্জ।
- ৬। উপজেলা .....কর্মকর্তা,সাঁটুরিয়া,মানিকগঞ্জ।
- ৭। জনাব.....!
- ৮। অফিস কপি

আব্দুল  
২৪-১০-১৯

মোঃ আক্তারুজ্জামান  
উপজেলা সহকারী প্রোগ্রামার  
ও  
সদস্য সচিব  
উপজেলা আইসিটি কমিটি  
সাঁটুরিয়া,মানিকগঞ্জ